# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examination, 2023

## BNGACOR03T-BENGALI (CC3)

## ভাষাতত্ত্ব

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

### একক-১

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে নব্য বা আধুনিক ভারতীয় আর্যভাষার জন্ম হয়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

(খ) মধ্য বাংলা ভাষাকে কয়টি স্তরে বিন্যস্ত করা যায় ? আদি-মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণ বা বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৮

### একক-২

(গ) বাংলা ভাষার কয়টি উপভাষা আছে — নামগুলি উল্লেখ করো। বঙ্গালী উপভাষার উল্লেখযোগ্য ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮

অথবা

(ঘ) উপভাষা কাকে বলে ? বরেন্দ্রী উপভাষার লক্ষণ বা বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+৮

### একক-৩

(ঙ) বাংলা ব্যঞ্জনধ্বনির সংজ্ঞা দাও। উচ্চারণ-প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ করো। ২+৮

অথবা

(চ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো *চারটি*) ২.৫×৪ = ১০

স্বরভক্তি, অভিশ্রুতি, সমীভবন, স্বরসঙ্গতি, স্বতোনাসিক্যীভবন, আদিস্বরলোপ।

### একক-৪

(ছ) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলির পরিচয় দাও। ১০

অথবা

(জ) বাংলা শব্দভাণ্ডার সম্বন্ধে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) প্রাচীন বাংলা ভাষার সময়কাল উল্লেখ করো। প্রাচীন বাংলা ভাষার চারটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ১+৪

(খ) বাংলা ভাষার প্রধান উপভাষাগুলির আঞ্চলিক পরিচয় দাও। ৫

(গ) জিহ্বার অবস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনির শ্রেণীবিভাগ করো। ৫

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো *দুটি*) ২.৫×২ = ৫

মৌলিক শব্দ, বিমিশ্রণ, শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক কারণ, লোকনিরুক্তি।

——×——